১২নং বল্লী ইউনিয়ন পরিষদ
চেয়ারম্যানের কার্যালয়
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা

## মাসিক সভার কার্যবিবরণী

**সভাপতি:** অ্যাড. মো: মহিতুল ইসলাম, চেয়ারম্যান, ১২নং বল্লী ইউনিয়ন পরিষদ
**সভার তারিখ:** ২২/০৩/২০২২
**সময়:** বেলা ১১টা
**স্থান:** ইউপি হলরুম
**উপস্থিতি:** উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্ট্রারে সংরক্ষিত।

অদ্যকার সভায় ১২নং বল্লী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব অ্যাড. মো: মহিতুল ইসলাম সভাপতির আসন গ্রহণ করে সকলকে স্বাগত জানিয়ে সভার কার্য আরম্ভ করেন।

**প্রথম আলোচ্যসূচি: বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।**
উপরিউক্ত বিষয় আলোচনাকালে সভাপতির অনুমতিক্রমে ইউপি সচিব শেখ তানজির আহমেদ বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন প্রকার অসঙ্গতি না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদন করা হয়।

**দ্বিতীয় আলোচ্যসূচি: ইউনিয়নের আইনশৃঙ্খলা প্রসঙ্গে।**
উপরিউক্ত বিষয় আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের কাছে ইউনিয়নের সার্বিক আইনশৃঙ্খলা বিষয়ে জানতে চান। এ সময় উপস্থিত সদস্যরা ইউনিয়নের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে উল্লেখ করে বলেন, আইনশৃঙ্খলা ভাল থাকলেও মাদকের ভয়াবহতা সর্বগ্রাসী হয়ে যুব সমাজকে ধ্বংস করছে। এজন্য সচেতনতা সৃষ্টির পাশাপাশি প্রতিরোধমূলক কর্মসূচি গ্রহণ করতে হবে। একই সাথে যে কোন প্রকার এ বিষয়ে উপস্থিত সদস্যরা বিস্তারিত আলোচনা করেন এবং মাদক বিরোধী সচেতনতা সৃষ্টির বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**তৃতীয় আলোচ্যসূচি: বাল্যবিবাহ প্রতিরোধ প্রসঙ্গে।**
উপরিউক্ত বিষয় আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের উদ্দেশ্যে বাল্য বিবাহের ক্ষতিকর দিক তুলে ধরে বলেন, যে কোন মূল্যে বাল্য বিবাহ প্রতিরোধ করতে হবে। বাল্য বিবাহের কারণে মাতৃমৃত্যু হার বৃদ্ধি, যৌতুক প্রবণতা বৃদ্ধি, নবজাতকের মৃত্যুসহ নানা সমস্যার সৃষ্টি হচ্ছে। এজন্য সকলকে সতর্ক থাকতে হবে।
সভায় উপস্থিত সদস্যরা এ বিষয়ে আলোচনান্তে বাল্য বিবাহ প্রতিরোধে সার্বিক জনসচেতনতা সৃষ্টি ও নিজ নিজ জায়গা থেকে সতর্ক প্রচেষ্টা চালানো ও বাল্য বিবাহের খবর পাওয়া মাত্র প্রশাসনকে জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

**চতুর্থ আলোচ্যসূচি: ইউনিয়ন লিগ্যাল এইড কমিটির সেবা সংক্রান্ত বিষয় প্রসঙ্গে।**
উপরিউক্ত বিষয় আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের উদ্দেশ্যে লিগ্যাল এইড কমিটির সেবা তুলে ধরে বলেন, সরকার অসহায় দুস্থ ও গরীব মানুষকে বিনা খরচে আইন সহায়তা প্রদান করছে। যার সুফল ইতোমধ্যে সাধারণ মানুষ পেতে শুরু করেছে। এজন্য লিগ্যাল এইড কমিটির সেবা সম্পর্কে জনগণকে জানাতে হবে। কেউ যেন অর্থাভাবে আইনী সহায়তা থেকে বঞ্চিত না হয়।
এবিষয়ে উপস্থিত সদস্যরা বিস্তারিত আলোচনা করেন এবং সর্বসম্মতিক্রমে ইউনিয়ন লিগ্যাল এইড কমিটির সেবা সম্পর্কে প্রচারণা চালানোর সিদ্ধান্ত গ্রহণ করেন।

অ্যাড. আলহাজ্ব মো: মহিতুল ইসলাম
চেয়ারম্যান
১২নং বল্লী ইউনিয়ন পরিষদ
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা

ম আলোচ্যসূচিঃ ২০২১-২২ অর্থবছরে ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিলের (বিবিজি) আওতায় ২য় কিস্তির বরাদ্দে স্কিম গ্রহণ প্রসঙ্গে।

উপরিউক্ত বিষয় আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের উদ্দেশ্যে বলেন, অত্র ইউনিয়ন পরিষদকে ২০২১-২২ অর্থবছরে ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিলের (বিজিবি) আওতায় ১ম কিস্তিতে দুই লাখ একাশি হাজার দুইশ টাকা (২,৮১,২০০/-) বরাদ্দ দেওয়া হয়েছে। পরবর্তীতে ১ম কিস্তির সমপরিমান বরাদ্দ ধরে ২য় কিস্তির স্কিম গ্রহণের নির্দেশনা দেওয়া হয়েছে। এক্ষণে ২য় কিস্তির স্কিম গ্রহণ করতে হবে।

এ বিষয়ে উপস্থিত সদস্যরা আলোচনায় অংশ নেন এবং বিস্তারিত আলোচনা সাপেক্ষে ও ওয়ার্ড সভার সুপারিশের আলোকে নিম্নলিখিত স্কিমসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করেন।

১নং প্রকল্পঃ আমতলা মাদ্রাসার মোড় হতে মোড়ল বাড়ি মসজিদ অভিমুখে ইটের সোলিং। বরাদ্দঃ ১,২১,২০০/- টাকা
২নং প্রকল্পঃ ভাটপাড়া মোকছেদের দোকান হতে শওকতের বাড়ি অভিমুখে ইটের সোলিং। বরাদ্দঃ ৪৫,০০০/- টাকা
৩নং প্রকল্পঃ হাজীপুর রশিদুলের বাড়ি হতে আমজাদ গাজীর বাড়ি অভিমুখে ইটের সোলিং। বরাদ্দঃ ৪৫,০০০/- টাকা
৪নং প্রকল্পঃ ঘরচালার আনারুলের বাড়ি থেকে সাহাবদ্দির বাড়ি অভিমুখে ইটের সোলিং। বরাদ্দঃ ৪৫,০০০/-
৫নং প্রকল্পঃ পুষ্টি সহায়তা কর্মসূচি। বরাদ্দঃ ২৫,০০০/- টাকা

ষষ্ঠ আলোচ্যসূচিঃ ২০২১-২২ অর্থবছরে অতিরিক্ত কোটায় বয়স্ক ভাতার আবেদন অনলাইনে গ্রহণ প্রসঙ্গে।

উপরিউক্ত বিষয়ে আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের অবগত করে বলেন যে, ২০২১-২২ অর্থবছরে বয়স্ক ভাতা প্রদান কার্যক্রমের আওতায় সাতক্ষীরা সদর উপজেলার অনুকূলে অনলাইনে আবেদনের অনুমোদন পাওয়া গেছে। এজন্য বয়স্ক ভাতা পাওয়ার যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের অনলাইনে আবেদন করতে হবে। বয়স্ক ভাতার অন লাইন আবেদনের ক্ষেত্রে আবেদনকারী যে নাম্বারটি ব্যবহার করবে, সেটিতে অবশ্যই নগদ হিসাব খোলা থাকতে হবে এবং ২৪ ঘন্টা খোলা থাকতে হবে। একটি মোবাইল নাম্বার একাধিক ভাতাভোগীর আবেদনপত্রে ব্যবহার করা যাবে না। অনলাইন ফরমে সকল তথ্য সঠিকভাবে পূরণ করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্রের ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের কপি ও মোবাইল নাম্বারসহ সমন্বিত তালিকা উপজেলা সমাজ সেবা অফিসারের কার্যালয়ে জমা দিতে হবে।

উপস্থিত সদস্যরা এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এবং এলাকায় ব্যাপক প্রচারের মাধ্যমে বয়স্ক ভাতা পাওয়ার যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের আবেদন নিশ্চিত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গ্রহণ করেন।

অদ্যকার সভায় আর কোন বিশেষ আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এ্যাড. আলহাজ্ব মোঃ মহিদুল ইসলাম
চেয়ারম্যান
১২নং বল্লী ইউনিয়ন পরিষদ
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা